শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যে মানুষ নত হবে না

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Jonathan Hay

অভিযোজন: Mary-Anne S.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2017 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

রাজা নবুখদনিৎসর একটি বিরাট সোনার মূর্তি বানালেন। এটা মাথা থেকে পা পর্যন্ত সোনায় মোড়া ছিল। হয়তো রাজা তার স্বপ্ন ভুলে গিয়েছিলেন যে, ঈশ্বর বলেছিলেন যে, তার সুবর্ণ রাজ্য চিরদিন থাকবে না।



হয়তো তিনি চিন্তা করেছিলেন যে, যদি আমি সম্পূর্ণ সোনার মূর্তি বানাই, তাহলে স্বপ্নেতে ঈশ্বরের বাক্য সত্য হবে না।



তাদের মধ্যে রাজার এক চাকর তার আদেশ সবাইকে পড়ে শোনাল। “... তোমরা সোনার মূর্তির কাছে প্রণিপাত ও তার উপাসনা করবে।

যারা তাকে প্রণিপাত ও উপাসনা করবে না, তাদের জ্বলন্ত চুল্লীর মাঝখানে ছুঁড়ে ফেলা হবে”।

রাজা যা আদেশ দিয়েছিলেন, তিন ব্যক্তি ছাড়া সবাই তাই করল। এই তিনজন ইহুদি ছিলেন। তারা হলেন দানিয়েলের বন্ধু শদ্রক, মৈশক ও অবেদনগো।

মনে হয়, সেই সময় দানিয়েল ছিল না। অবশ্যই দানিয়েলও মানুষের তৈরি মূর্তিকে উপাসনা করতে প্রত্যাখ্যান করত।

দানিয়েল ও তার বন্ধুদেরকে রাজার অন্য জ্ঞানী ব্যক্তিরী ঈর্ষা করত, কারণ রাজা তাদের পছন্দ করত। তারা বলল, “আপনি শদ্রক, মৈশক ও অবেদনগো নামে এই তিন ব্যক্তিকে ব্যাবিলনের বিভিন্ন প্রদেশের শাসনকর্তা হিসাবে বসিয়েছেন।

কিন্তু মহারাজ এই ব্যক্তিরা আপনাকে মান্য করে না। আপনি যে সোনার মূর্তি বসিয়েছেন, তারা আপনার দেবতাকে নতজানু অথবা উপাসনা করে না।"

রাজা নবুখদনিৎসর প্রচণ্ড রেগে গেলেন। তিনি তাদের সতর্ক করলেন, “তোমরা যদি উপাসনা না কর, তাহলে তোমাদের জ্বলন্ত চুল্লীর মাঝে ছুড়ে ফেলা হবে এবং আমার হাত থেকে তোমাদের কোন দেবতা বাঁচাবেন?”

রাজা একটা বড়ো ভুল করতে চলেছেন, তিনি সত্যি করে জীবন্ত ঈশ্বরের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এই তিন ইহুদি ব্যক্তিরা জানত যে, মূর্তিপূজা ঈশ্বরের আইনবিরুদ্ধ। তারা স্থির থাকল। কারণ তারা ঈশ্বরকে বিশ্বাস করত,

তারা রাজার আদেশে ভীত নয়।

এই তিন সাহসী ব্যক্তির কাছে রাজার জন্য একটি উত্তর ছিল, তারা বলল, “আমাদের ঈশ্বর, যাঁকে আমরা উপাসনা করি, তিনি আমাদের জ্বলন্ত চুল্লী থেকে বাঁচাতে সমর্থ, ...



... কিন্তু তিনি যদি তা নাও করেন, তাহলে তুমি জেনে রাখ হে রাজন, আমরা আপনার দেবগণের সেবা ও সোনার মূর্তির উপাসনা করব না।”



রাজা নবুখদনিৎসর রেগে গেলেন! তিনি আদেশ দিলেন যে, চুল্লীটা আরও সাতগুণ গরম করতে, সাধারণ গরম থেকে, তবুও লোকগুলি তার কাছে নতজানু হবে না।

রাজা তার শক্তিশালী লোকদের আদেশ দিলেন, শদ্রক, মৈশক ও অবেদনগোকে বাঁধতে ও জ্বলন্ত চুল্লীর মধ্যে ফেলে দিতে।

চুল্লীটা এতই গরম ছিল যে, যে লোকটি শদ্রক, মৈশক ও অবেদনগোকে ছুড়ে ফেলছিল, সেই প্রচণ্ড গরমের জন্য মারা গেল।

রাজা নিরাপদ দূরত্ব থেকে লক্ষ্য করছিলেন। তিনি দেখলেন যে, তিনটি ব্যক্তিকে জ্বলন্ত চুল্লীর মাঝখানে ছুড়ে ফেলা হল, কিন্তু তিনি শুধু এটুকুই দেখলেন না।

রাজা নবুখদনিৎসর অবাক! “আমরা কি এই তিনটি ব্যক্তিকে জ্বলন্ত আগুনের মধ্যে ফেলে দিইনি?” তিনি তার সাহায্যকারীকে জিজ্ঞাসা করলেন। সে উত্তর দিল, “হ্যাঁ”।

“তাকাও! আমি দেখতে পাচ্ছি, চারজন খোলা আগুনে ঘুরে বেড়াচ্ছে, তাদের কোনও আঘাত হচ্ছে না এবং চতুর্থজন হল ঈশ্বরের পুত্রের মতো”।

জ্বলন্ত চুল্লীর গেটের কাছে রাজা এগিয়ে গেলেন। রাজা চিৎকার করে ডাকলেন, “শদ্রক, মৈশক, ও অবেদনগো, মহান ঈশ্বরের সেবক বেরিয়ে এস”। তখন তারা জ্বলন্ত চুল্লী থেকে বরিয়ে এল।

সকলে একসাথে এই তিনজন ইব্রীয়কে পরীক্ষা করতে লাগল। তারা দেখল যে, তাদেরকে পুড়িয়ে ফেলার শক্তি আগুনের ছিল না। তাদের চুল পোড়েনি ও তাদের কাপড়ও পোড়েনি। এমনকি পুড়ে যাওয়ার গন্ধও তাদের উপর ছিল না।

যখন তিনি বুঝলেন যে কী হয়েছে, রাজা নবুখদনিৎসর একটা বুদ্ধিমানের কাজ করলেন।

তিনি প্রর্থনা করলেন ও বললেন শদ্রক, মৈশক ও অবেদনগোর ঈশ্বর ধন্য হোক, যিনি তার দূতকে পাঠিয়ে তাদের রক্ষা করেছেন, যারা তার উপর নির্ভরতা রেখেছিল।

যে মানুষ নত হবে না

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

দানিয়েল ৩

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬